# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১৫ তম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : তানিয়া আক্তার, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ২৭ আগস্ট ২০২৫
সময় : ১১.০০ ঘটিকায়

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত।

| ক্র: নং | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান,অক্টোবর/২৫ মাসে টাইফয়েড জ্বর প্রতিরোধে মাসব্যাপী সারাদেশে বিনামূল্যে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন শুরু হবে। উক্ত টিকাদান ক্যাম্পেইনে ০৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সী সকল শিশুকে একডোজ টাইফয়েড টিকা দেওয়া হবে। তিনি উক্ত টিকাদান ক্যাম্পেইনে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান, কানাইঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গর্ভবতী মায়েদের জন্য বিশেষ সেবা চালু করা হয়েছে। তিনি প্রসবকালীন সময়ে জটিলতা এড়াতে প্রাতিষ্ঠানিক ডেলিভারি বৃদ্ধির ব্যাপারে সাধারন জনগণকে উৎসাহিত করার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। | অত্র উপজেলায় টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনে সহযোগিতা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহ সংশ্লিস্ট সকলের প্রতি অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গর্ভবতী মায়েদের প্রসবকালীন সময়ে জটিলতা এড়াতে প্রাতিষ্ঠানিক ডেলিভারি বৃদ্ধির ব্যাপারে সাধারন জনগণকে উৎসাহিত করার নিমিত্তে প্রচারণা চালানো জন্য সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন- শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানার প্রতিনিধি জানান, অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নে বিট পুলিশের ডিউটি অব্যাহত রয়েছে। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্ত বিট পুলিশের ডিউটি অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা কে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা শিক্ষা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা শিক্ষা কর্মকর্তাকে প্রত্যেক মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের প্রতিনিধি বলেন ২০২৫ সালের এইচ এসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠু ও সুশৃঙ্খল ভাবে শেষ হওয়ায় সকল অংশীজন কে ধন্যবাদ জানান। টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন এর রেজিষ্ট্রেশন সকল শিক্ষা প্রতিষ্ঠানে চলমান রয়েছে বলে তিনি জানান। উপজেলা পর্যায়ে ৫২ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা আগামী ২১ সেপ্টেম্বর হতে ২৭ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত অনুষ্ঠিত হবে। উক্ত ক্রীড়া প্রতিযোগিতায় তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন এর রেজিষ্ট্রেশন সকল শিক্ষা প্রতিষ্ঠানে সফলভাবে শেষ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, রতনপুর গ্রাম সংলগ্ন রাস্তার কালভার্টটি জরুরী ভিত্তিতে মেরামত প্রয়োজন। উক্ত কালভার্টটি ঝুকিপূর্ণ অবস্থায় আছে। | রতনপুর গ্রাম সংলগ্ন রাস্তার কালভার্টটি জরুরী ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা কানাইঘাট, |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, খরিপ- ২/ ২০২৫-২০২৬ অর্থ বছরের মাসকাসলাই ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৮০ জন কৃষকের মধ্যে বিতরণের জন্য বীজ ও সারের বরাদ্দ পাওয়া গেছে । খরিপ-২ মৌসুমের অন্যান্য প্রনোদনা বিতরণ সম্পন্ন হয়েছে। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা শিক্ষা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা মৎস্য কর্মকর্তাকে প্রত্যেক মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা শিক্ষা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে প্রত্যেক মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিস্থিতি স্বাভাবিক প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের ঔষধ বিতরণ এবং সকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ডেলিভারী এবং ANC, PNC সেবা চলমান রয়েছে। জনবল স্বল্পতার কারণে কিছু স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে অতিরিক্ত দায়িত্বরত স্টাফগণ সেবা দান কার্যক্রম স্বাভাবিক রেখেছেন। পূর্ব লক্ষিপ্রসাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অবস্থা খুবই খারাপ। উক্ত প্রতিষ্ঠানের সকল ধরনের উপকরণ, লজিস্টিক এবং অন্যান্য সামগ্রী চুরি হয়ে যাওয়ার কারণে সেবাদান কার্যক্রম বন্ধ রয়েছে। স্থানীয় জনগণ হতে জানান যায় সেটি বর্তমানে মাদক সেবনে হাবে পরিণত হয়েছে। তিনি আরও জানান, স্থায়ী ও অস্থায়ী পদ্ধতি বৃদ্ধির জন্য সাধারণ জনগণকে কাউন্সিলিং করা হচ্ছে এবং এতে পদ্ধতি গ্রহণকারীর হার বৃদ্ধি পাচ্ছে। প্রত্যেকটি ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেবা দান কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য স্থানীয় প্রশাসনের সহযোগিতা কামনা করেন। | পূর্ব লক্ষিপ্রসাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবাদান কার্যক্রম বন্ধ দ্রুত চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,উপজেলা সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা বাস্তবায়ন কর্মকর্তা জানান,২০২৫-২০২৬ অর্থ বছরের নতুন কোনো বরাদ্দ পাওয়া যায়নি। এছাড়া অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |

২

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দ পাওয়া গিয়াছে এবং জুলাই ও আগস্ট/২৫ মাসের প্রতি ইউনিয়নে ১৫ জন করে ভাতাভোগীর ডাটা এন্ট্রির কার্যক্রম সম্পন্ন হয়েছে। শুধুমাত্র রাজাগঞ্জ ইউনিয়ন হতে সকল কাগজপত্র পাওয়া গিয়াছে কাগজপত্র পরীক্ষা করে চূড়ান্ত অনুমোদন দেওয়া হবে। কানাইগাট পৌরসভার ভাতাভোগীদের ডাটা এন্ট্রি এখনো সম্পন্ন হয়নি। এছাড়া ভিডব্লিউবি কর্মসূচির আওতায় জুলাই ও আগস্ট/২৫ মাসের খাদ্যশস্যের ডিও ছাড়করণ পত্র দেওয়া হয়েছে। উক্ত কর্মসূচির প্রত্যেক উপকারভোগীর সঞ্চয়ী হিসাব তফসিলি ব্যাংকে খোলে হিসাব নম্বর উপজেলা মহিলা বিষয়ক দপ্তরে প্রেরনের জন্য প্রত্যেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের তালিকা দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা সমবায় দপ্তরের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়নকর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৬ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব উন্নয়ন দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে । | উপজেলা যুব উন্নয়ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা বন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, তাঁর দপ্তরের আওতায় নলকূপ স্থাপনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অত্র উপজেলার জন্য বরাদ্দকৃত গভীর নলকূপসমূহ দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য সহকারী প্রকৌশলীকে (জনস্বাস্থ্য) অনুরোধ করা হয়। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ১৯ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | প্রত্যেক মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা জানান, পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অত্র উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম জোরদার করার জন্য শাখা ব্যবস্থাপকে অনুরোধ করা হয়। | উপ[illegible] পল্লী সঞ্চয়[illegible] কর্মক[illegible] কানাইঘাট, সি[illegible] |
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ বা তাঁর কোন প্রতিনিধি উপস্থিত না থাকার কারণে পল্লীবিদ্যুৎ বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় অনুরোধ করা হয়। | ডিজিএম পল্লীবিদ্যু[illegible] সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ২২ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি জানান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীথি চলমান রয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৩ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রত্যেক মাসিক সভায় উপজেলা তথ্য আপা কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রত্যেক মাসিক সভায় উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ডকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন, কানাইঘাট সভায় উপস্থিত না থাকায় ইসলামী ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রত্যেক মাসিক সভায় ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন, কানাইঘাট উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট,সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান,সিলেট জেলার তুলনায় জন্ম ও মৃত্যু নিবন্ধনে ক্ষেত্রে কানাইঘাট উপজেলা পিছিয়ে আছে। শিশু জন্মের পর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পূর্ণ ফ্রি। এব্যাপারে সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তিনি অনুরোধ জানান। | জন্ম ও মৃত্যু নিবন্ধনে ক্ষেত্রে কানাইঘাট উপজেলাকে এগিয়ে নেওয়ার জন্য সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৩৪টি, নিস্পত্তিকৃত মামলার সংখ্যা ১৮ টি এবং ১৬ টি মামলা অনিস্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউনয়নের অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিস্পত্তি করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অনুরোধ করেন। | সকল অনিস্পন্ন মামলা দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সকল ইউনিয়ান পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) | উপজেলা ইউডিএফ(জাইকা)জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় উপজেলা ওয়েবপোর্টালের হালনাগাদ তথ্য যাচাই পূর্বক আগামী প্রকল্প বরাদ্দ দেয়া হবে। এ লক্ষ্যে উপজেলার ১৭(সতের)টি স্থায়ী কমিটির মিটিং করা প্রয়োজন বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় ওয়েবপোর্টালের হালনাগাদ তথ্য যাচাই ও প্রকল্প বরাদ্দের লক্ষ্যে জরুরী ভিত্তিতে ১৭(সতের)টি স্থায়ী কমিটির মিটিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ/ উপজেলা ইউডিএফ(জাইকা) কানাইঘাট,সিলেট |
| ৩০ | বিবিধ | (ক) সভায় ০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউপির চেয়ারম্যান বলেন, তাঁর ইউপিতে ডাকাতির ঘটনা বেড়ে গেছে। এব্যাপারে তিনি আইন শৃঙ্খলা বাহিনীকে তৎপর হওয়ার অনুরোধ জানান। এছাড়া পূর্বে একই জন্ম তারিখ দিয়ে তাঁর ইউপিতে দশ হাজার মানুষের জন্ম নিবন্ধন করা হয়েছে। এতে সাধারণ মানুষ ভোগান্তিতে পড়েছে।<br>(খ) সভায় ০৪ নং সাতবাঁক ইউনিয়ন চেয়ারম্যান জানান, পূর্বে জন্ম নিবন্ধনের তথ্য ভুলভাবে অনলাইনে এন্ট্রি করার কারণে সাধারন মানুষ হয়রানির শিকার হচ্ছে।<br>(গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের প্রশাসক ২০২৫ সালের এইস.এস.সি ও সমমানের পরীক্ষা সুষ্ঠুভাবে শেষ হওয়ায় দায়িত্ব পালনকারী কর্মকর্তাগণকে ধন্যবাদ জানান। উপজেলা পরিষদের প্রত্যেক দপ্তরের অফিস চত্বরে মাসে একদিন পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য তিনি অনুরোধ জানান। তিনি প্রত্যেক দপ্তরের নৈশ প্রহরীরা যাতে সঠিকভাবে দায়িত্ব পালন করে সে ব্যাপারে সচেতন হওয়ার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। তিনি সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (০১) উপজেলা পরিষদের প্রশাসক মহোদয়ের সম্মানী; (০২) মালি, পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা; (০৩) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বিল (০৪) উপজেলা পরিষদের পাম্প হাউজ মেরামত বাবদ ২৪,৬০০/- (চব্বিশ হাজার ছয়শত) টাকা; (০৫) ১৪৩১ বাংলা সনের বীরদল বাজারের জামানত বাবদ ৫,৫৫০/- (পাঁচ হাজার পাঁচ শত পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | (ক) সাধারন জনগণের জন্ম নিবন্ধন সংশোধনের ক্ষেত্রে আরও সচেতন হওয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>(গ) উপজেলা পরিষদের প্রত্যেক দপ্তরের অফিস চত্বরে মাসে একদিন পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান(সকল), কানাইঘাট,সিলেট<br>গ। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |



CS CamScanner

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৮/২৫

তানিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২-৫৪(৫০)

তারিখ: ১২ ভাদ্র ১৪৩২ / ২৭ আগস্ট ২০২৫

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান -------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব ------------------------------------ কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

২৭/০৮/২৫

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব জনাব মো: জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মো ঃ আবু তাহীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব ডা: সুবল চন্দ্র বমন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব বিশ্বজিত রায় | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব ফারুক আহমদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো:: সাইদুল হক | প্রতিনিধি অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব তাপস চক্রবর্তী | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব কাউছার আহমদ | প্রতিনিধি উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোস্তফা হাসান আশকারী | প্রতিনিধি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব শামছুনাহার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোঃ হুমায়ুন কবির | প্রতিনিধি উপজেলা স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো: ফারুক আহমদ | উপজেলা ইউডিএফ(জাইকা),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মো: নজরুল ইসলাম | উপজেলা কো-অডিনেটর,গ্রাম আদালত প্রকল্প,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব সাখাওয়াৎ হোসেন | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোঃ জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মুহিবুর রহমান | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মেহেদী হাসান | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্বইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০২ | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৩ | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি, কানাইঘাট,সিলেট |
| ০৪ | চেয়ারম্যান,০৮ নংঝিংঙ্গাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট,সিলেট |
| ০৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট |
| ১০ | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ১১ | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট |
| ১২ | উপজেলা ফিল্ড সুপারভাইজার,ইসলামী ফাউন্ডেশন,কানাইঘাট,সিলেট |
| ১৩ | উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট |

CS CamScanner